জীবননগর থানা ক্যাম্পাসে দৃষ্টিনন্দন গোল ঘর উদ্বোধন করলেন পুলিশ সুপার

চুয়াডাঙ্গার জীবননগর থানা ক্যাম্পাসে বহু প্রত্যাশিত দৃষ্টিনন্দন গোল ঘরের শুভ উদ্বোধন করেছেন পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন।

গতকাল শনিবার সকালে পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন বার্ষিক থানা পরিদর্শনে আসেন। তিনি থানা পরিদর্শনের আগে জীবননগর থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেকের প্রচেষ্টায় উপজেলা শহরের বিশিষ্ট ঠিকাদার জাকাউল্লাহ’র সহযোগিতায় থানা চত্বরে সদ্য নির্মিত গোলঘরটি আনুষ্ঠানিক ভাবে ফিতা কেটে শুভ উদ্বোধন করেন।

এ সময় দোয়া মোনাজাত পরিচালনা করেন মাও.সাজেদুর রহমান। এসময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,দামুড়হুদা-জীবননগর সার্কেল পুলিশ সুপার মুন্না বিশ্বাস,জাকাউল্লাহসহ থানার সকল পর্যায়ের অফিসার ফোর্স।

দামুড়হুদায় আজাদুল আজাদকে জাগ্রত জনতার শুভেচ্ছা ক্রেস্ট প্রদান

আজাদুল ইসলাম আজাদ পুনরায় চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নির্বাচিত হওয়াই দামুড়হুদায় জাগ্রত জনতার পক্ষ থেকে শুভেচ্ছা ক্রেস্ট প্রদান ও মিষ্টিমুখ করানো হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যা ৭টার দিকে এই বর্ষিয়ান নেতার দর্শনার নিজ বাড়িতে ক্রেস্ট প্রদান ও মিষ্টিমুখ করানো হয়। এসময় তিনি বলেন নিজ উদ্যোগে সমাজের তৃণমূল

অবহেলিত জনগোষ্ঠীর জন্য যারা কাজ করেন আমি তাদের সব সময় সঙ্গে আছি এবং থাকবো। জাগ্রত জনতার প্রতিষ্ঠাতা বিশিষ্ট সমাজসেবক

জাহাঙ্গীর আলম এই ক্রেষ্ট প্রদান করেন এবং উপস্থিত সকলের মিষ্টিমুখ করান।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর উপজেলার চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস। আওয়ামী লীগ নেতা ইদু, যুবলীগ নেতা ইয়া নবী, সাগর হোসেন। ছাত্রলীগ নেতা বুলবুল আহাম্মেদ, শাহিন হোসেন প্রমূখ।

দর্শনা কেরুজ চিনিকলের উপব্যবস্থাপক মাসুদ রেজাকে স্ট্যাণ্ড রিলিজ

দর্শনা কেরুজ চিনিকলের উপব্যবস্থপক (প্রশাসন) মাসুদ রেজাকে স্ট্যাণ্ড রিলিজ করা হয়েছে। অফিস আদেশ বলে তাকে মোবারকগঞ্জ সুগার মিলের উপব্যবস্থপক (সংস্থাপন) শাখায় যোগদানের নির্দেশ প্রদান করা হয়েছে। সেই সাথে ১ জানুয়ারির মধ্যে বদলী পদে যোগদানেরও নির্দেশ প্রদান করা হয়েছে।

ঢাকা সদর দপ্তরের অফিস আদেশ সূত্রে জানাগেছে, গতকাল বৃহস্পতিবার সদর দপ্তরের ভারপ্রাপ্ত চিফ অব পার্সনাল মাহরীনা তানাজ স্বাক্ষরিত পত্রে উল্লেখ করা হয়েছে দর্শনা কেরুজ চিনিকলে উপব্যবস্থপক (প্রশাসন) মাসুদ রেজাকে মোবারকগঞ্জ সুগার মিলের উপব্যবস্থপক (সংস্থাপন) শাখায় বদলী করা হয়েছে। একই চিঠিতে মোবারকগঞ্জ সুগার মিলের সহকারী ব্যবস্থপক (সংস্থাপন) নুরুল হাসানকে দর্শনা কেরুজ চিনিকলের উপব্যবস্থপক (প্রশাসন) হিসাবে যোগদানের নির্দেশ প্রদান করা হয়েছে।

এদিকে মাসুদের বদলীর আদেশ কেরুজ চিনিকলে পৌছালে তাকে নিয়ে বইতে থাকে আলোচনা সমালোচনার ঝড়। বিশেষ করে মাসুদ রেজার আচরনিক ছিলো খুবই উশৃংখল। সে ধরাকে সরাজ্ঞান করে চলত। যার তার সাথে জড়িয়ে পড় বিবাদে। সুনামধন্য প্রতিষ্ঠনে এমন একজন উগ্রমেজাজের অফিসার নিঃপ্রয়োজন বলে অনেকেই মন্তব্য করেছেন। অপর দিকে মাসুদ তার বদলীর আদেশ শোনর পর থেকে তেলে বেগুনে জ্বলে ওঠেন। চিনিকলে আখ

সরবরাহ করতে আসা চাষিদের সাথে চরম খারাপ আচরণ করতে থাকে। তার বদলী আদেশে শ্রমিক-কর্মচারীদের মধ্যে আনন্দ বিরাজ করছে।

একটি সূত্র জানিয়েছে, মাসুদ রেজা যেখানেই চাকুরী করেছেন সেখানেই বিতর্কের জন্ম দিয়েছেন। তাই একটি প্রতিষ্টাণে তার থাকা হয় না।

দর্শনা পৌর মেয়র মতিয়ার রহামনের জানাযা সম্পন্ন

অস্ত্রপচারের দীর্ঘ ৩৩ দিনের মাথায় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার ভোরে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন দর্শনা পৌর আ.ল মতিয়ার রহমান (৫৮)।

মৃত্যুর দু’দিন পর গতকাল বৃহস্পতিবার সকল প্রকার আইনি জটিলতা কাটিয়ে ভারতের দিল্লী থেকে বিমানযোগে দেশে আনা হয় মতিয়ার রহমানের লাশ।

আজ শুক্রবার সকাল ১০ টায় দর্শনা কলেজ মাঠে প্রথম ও নিজ গ্রাম ঈশ্বরচন্দ্রপুর গ্রামের সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে বেলা সাড়ে ১১ টায় দ্বিতীয় নামাজের জানাযা। জানাযা শেষে গ্রামের কবরস্থানে বাবা-মায়ের কবরের পাশে দাফনকার্য সম্পন্ন করা হয়। দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মৃত শামসুল ইসলাম ওরফে শামসুল চেয়ারম্যানের ছেলে দর্শনা ইসলাম বাজার গার্লস স্কুল পাড়ার বাসিন্দা ছিলেন মতিয়ার রহমান।

তিনি দর্শনার আ.লীগ রাজনীতি অঙ্গনে উজ্জল নক্ষত্র, সন্ত্রাসমুক্ত দর্শনার রুপকার, প্রতিবাদের কন্ঠ, অন্যায়ের বিরুদ্ধে আপোষহীন দর্শনা পৌর সভার ৪ বারের নির্বাচিত মেয়র ও দর্শনা পৌর আ.লীগের সভাপতি মতিয়ার রহমান দীর্ঘদিন লিভার জনিত রোগে ভুগছিলেন।

স্বামীকে বাঁচাতে দেহের গুরুত্বপূর্ণ অঙ্গ নিজের লিভার দিতে ইচ্ছে পোষণ করেন স্ত্রী রোজী রহমান। যেমন কথা তেমন কাজ করেই দৃষ্টান্ত স্থাপন করেছেন মেয়রের সহধর্মিনী।

[redacted]

[redacted]

জীবননগরে শিশু নিকেতন স্কুলের বাষিক ফল প্রকাশ ও অভিভাবক সমাবেশ

জীবননগর উপজেলা শিশু নিকেতন মডেল প্রি ক্যাডেট স্কুলের বার্ষিক পরীক্ষার ফল প্রকাশ ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর উপজেলা শিশু নিকেতন মডেল প্রি ক্যাডেট স্কুলের আয়োজনে উপজেলা পরিষদের ক্যাম্পাসে এ সমাবেশ অণুষ্ঠিত হয়। উপজেলা শিশু নিকেতন মডেল প্রি ক্যাডেট স্কুলের পরিচালক মোছাঃ নিলুফা ইয়াসমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শিক্ষাথীদের হাতে পুরস্কার তুলে দেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামান, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আয়েশা সুলতানা লাকীসহ বিদ্যালয়ের শিক্ষক ও অভিভাবকগন উপস্থিত ছিলেন।উক্ত অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন জীবননগর উপজেলা শিশু নিকেতন মডেল প্রি ক্যাডেট স্কুলের অধ্যক্ষ মোঃ মিঠুন মাহমুদ।

দামুড়হুদার জয়রামপুর কাঠালতলা বাজারের পান চোর আটক

দামুড়হুদার জয়রামপুর কাঠালতলা বাজারের নাইট গার্ডের হাতে পান সহ এক চোর আটক হয়েছে। গতকাল বুধবার ভোর ৫টার দিকে।

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর গ্রামে প্রতিনিয়ত কৃষকের স্বপ্ন পান চুরি। গতকাল ভোর পাঁচটার দিকে জয়রামপুর

কাঁঠালতলা বাজারের নাইট গার্ড সাহাবুল হোসেন সন্দেহ জনকভাবে একজনকে জিজ্ঞাসা করে এবং তার হাতে থাকা বড় ব্যাগে কি আছে তা দেখতে চাই।

এতে ওই ব্যক্তি আপত্তি জানিয়ে চলন্ত একটি পাখি ভ্যানে উঠে পালিয়ে যেতে চাই। তখন নাইট গার্ড সাহাবুল অনেক ধস্তাধস্তি করে। পরে পান চোর পালানোর চেষ্টা করে, তখন নাইট গার্ড পান চোর কে তারিয়ে ধরে। এবং তার ব্যাগ চেক করে দেখা যায় আনুমানিক ৫০ থেকে ৬০ পন পান আছে।

আটককৃত পান চোর চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামের মৃত ফজর আলী মন্ডলের ছেলে মোহাম্মদ মিরাজুল ইসলাম (৬০) ।

পান চোর মিরাজুল ইসলাম পেশায় একজন ফল ব্যবসায়ী। পরে নাইট গার্ড সাহাবুল বাজার কমিটির জানাই। বাজার কমিটির লোকজন এসে জিজ্ঞাসাবাদ করে জানতে পারে তার ব্যাগে আছে ৫০ থেকে ৬০ পন পান। এই পানগুলো কাঁঠাল তোলার নিকটবর্তী জয়রামপুর বাগানপাড়া আকবর আলীর ছেলে শহীদ এর পান খেত থেকে চুরি করা হয়।

জানাজানি হলে পানের মালিক শহীদ ঘটনাস্থলে আসে এবং তার সত্যতা যাচাই করে। শহীদের কাছে জানতে চাইলে শহীদ বলে গতরাতে ১৭ পিলি পান চুরি হয়েছে। পরে স্থানীয়রা পান চোর মিরাজুল কে দামুড়হুদা মডেল থানা পুলিশের হাতে সদর্পণ করে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার এসআই শেখ তৌহিদুর রহমান বলেন, এটা একটা চোর চক্রের কাজ। সরাসরি অভিযুক্ত ব্যক্তি ক্ষেত থেকে পান চুরি করে নাই এর পিছনে অনেকেই জড়িত থাকতে পারে।

দামুড়হুদার জয়রামপুর হাত-পা মুখ বাঁধা অবস্থায় এক

[redacted]

[redacted]

[redacted]

[

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, সকালে দামুড়হুদার জয়রামপুর কাঁঠালতলায় রাস্তার পাশে হাত বাঁধা একটি শিশুকে দেখে থানাতে খবর দেন স্থানীয়রা। খবর পেয়ে এস আই শেখ তৌহিদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থল থেকে শিশুটিকে উদ্ধার করে থানা হেফাজতে নেয়, শিশুটির পরিবারকে খবর দেয়া হলে তারা থানাতে আসলে পিতার জিম্মায় ছেলেটিকে হস্তান্তর করা হয়েছে।

দামুড়হুদায় লোকমোর্চা সদস্যদের সাথে সমাজসেবা কর্মকর্তার মতবিনিময়

দামুড়হুদা উপজেলা লোকমোর্চার বিভিন্ন ভাতা বিষয় নিয়ে সমাজসেবা কর্মকর্তার সাথে মতবিনিময় সভা করেছে। বুধবার সকাল ১১টার দিকে সমাজসেবা অফিসে।

দামুড়হুদা উপজেলা লোকমোর্চার আয়োজনে উপজেলা সমাজসেবা কার্যালয়ে উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জেল হক এর সাথে সমাজসেবা প্রদত্ত বিভিন্ন ভাতা বিষয় নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা লোকমোর্চার সভাপতি ও আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি শহিদুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক সেলিনা আক্তার, দপ্তর সম্পাদক ইউনুছ আলী, প্রচার সম্পাদক হাবিবুর রহমান হবি,পরিবেশ বিষয়ক সম্পাদক মোজাম্মেল হক শিশির, নির্বাহী সদস্য মিরাজুল ইসলাম মিরাজ, রকিবুল হাসান তোতা, মাকসুদুর রহমান রতন, হাউলী ইউনিয়ন লোকমোর্চার সাধারণ সম্পাদক মজিবর রহমান, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিছুর রহমান, প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

[redacted]

[redacted]